



# বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

আইসিটি টাওয়ার, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

ফোনঃ ০২-৫৫০০৬৮৪৮, ফ্যাক্সঃ ৮৮০-২-৫৫০০৬৭৯৯, ই-মেইলঃ bccinfo@bcc.net.bd, Web: www.bcc.net.bd

স্মারক নং- ৫৬.০১.০০০০.০০৭.১৪.২১৯.২০২৩ - ৯৫০৯ (৫)

তারিখঃ ২৪ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ  
০৪ জানুয়ারী ২০২৪  
খ্রিষ্টাব্দ

বিষয়ঃ আগামী ১০ ফেব্রুয়ারী ২০২৪ তারিখে অনুষ্ঠিতব্য “প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য চাকরি মেলা-২০২৪” আয়োজনে চাকুরীদাতা প্রতিষ্ঠান হিসেবে অংশগ্রহণের জন্য সদস্য প্রতিষ্ঠানসমূহকে অবহিতকরণ প্রসংগে।

আপনি নিশ্চয় অবগত আছেন যে, দেশের প্রায় ১০ শতাংশ প্রতিবন্ধী। এ বিপুল সংখ্যক প্রতিবন্ধী ব্যক্তিদের দেশের উন্নয়নের মূল ধারায় সম্পৃক্ত করা জরুরী। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের উদ্যোগে অন্তর্ভুক্তিমূলক সমাজ বিনির্মাণের অংশ হিসেবে প্রতিবন্ধী ব্যক্তিদের ক্ষমতায়নের লক্ষ্যে এবং দেশের উন্নয়নের মূল ধারায় সম্পৃক্ত করার জন্য বিগত ২০১১ সাল থেকে বিসিসি নিম্নবর্ণিত কার্যক্রম বাস্তবায়ন করছে;

- (ক) প্রতিবন্ধী ব্যক্তিদের তথ্য ও যোগাযোগ প্রযুক্তিতে প্রশিক্ষণের মাধ্যমে সক্ষমতা উন্নয়ন;
- (খ) প্রতিবন্ধী ব্যক্তিদের মর্যাদাপূর্ণ কর্মসংস্থান;
- (গ) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি কর্মকাণ্ডে অধিক হারে অংশগ্রহণে প্রতিবন্ধী ব্যক্তিদের উৎসাহ প্রদান ও আগ্রহ সৃষ্টি;
- (ঘ) প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য সহায়ক প্রযুক্তি উদ্ভাবনে উদ্যোক্তাদের সহায়তা প্রদানসহ বিবিধ কার্যক্রম।

২। বিসিসি দেশের আইসিটি শিল্পের বিভিন্ন সংগঠন এবং সরকারি-বেসরকারি বিভিন্ন প্রতিষ্ঠানের সহযোগিতায় ২০১৫ সাল থেকে প্রতিবন্ধী ব্যক্তিদের চাকরি মেলার আয়োজন করে আসছে। এরপর হতে এ মেলা প্রতি বছর আয়োজনের মাধ্যমে এযাবৎ মোট ৯৪০ জন প্রতিবন্ধী ব্যক্তিকে কর্মসংস্থানে সহযোগিতা প্রদান করা হয়েছে।

৩। প্রতিবারের ন্যায় এবারও তথ্য প্রযুক্তিতে দক্ষ “প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য চাকরি মেলা-২০২৪” নিম্নবর্ণিত সূচি মোতাবেক অনুষ্ঠিত হবে:


তারিখ : ১০ ফেব্রুয়ারী ২০২৪, শনিবার;

সময় : সকাল ৮:০০ থেকে বিকেল ৫:০০ ঘটিকা পর্যন্ত;

ভেন্যু : এনজিও বিষয়ক ব্যুরো, প্লট-ই১৩/বি, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

৪। বর্ণিত অবস্থায়, বিসিসি আয়োজিত ‘চাকরি মেলা ২০২৪’ এ আপনার সংগঠনের সদস্য প্রতিষ্ঠানসমূহকে অবহিত করে মেলার প্রচার, মেলায় অংশগ্রহণের জন্য আগ্রহী প্রতিষ্ঠানের তালিকা প্রেরণ এবং এ কার্যক্রমে আপনার সংগঠনের পক্ষ হতে একজন ফোকাল পয়েন্টের নাম ও মোবাইল নম্বর প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো [প্রয়োজনে যোগাযোগ: মোঃ গোলাম রব্বানী, ম্যানেজার (সিস্টেমস), বিসিসি, মোবাইল- ০১৭১২-৯১৯৪৫৫ এবং মোঃ আকতার হোসেন, সিনিয়র প্রোগ্রাম ম্যানেজার, সিএসআইডি, মোবাইলঃ ০১৮১০-১৫০১৯৬]

সংযুক্তি: প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য চাকরি মেলা ২০২৪ এর বিজ্ঞপ্তি (১ কপি)।

  
(মোঃ গোলাম সারওয়ার)  
পরিচালক (প্রশিক্ষণ ও উন্নয়ন)

সভাপতি

দ্য ফেডারেশন অব বাংলাদেশ চেম্বারস অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি (এফবিসিসিআই)

এফবিসিসিআই আইকন, মতিঝিল, ঢাকা।